

অভিজিৎের ‘প্রাণের প্রাণ জাগিছে তোমারি  
প্রাণে -৫’ এর জন্য ধন্যবাদ

- [বেনু](#)

অভিজিৎ কে অনেক ধন্যবাদ জানাচ্ছি আবার [লাইফ পার্ট- ৫](#) লেখার জন্য, এত চমৎকার একটা বিষয় নিয়ে এত সহজ ভাবে কেউ লেখেনি আগে। বিশেষ করে যেহেতু এটা বিজ্ঞানের একটা বিষয়, এটা সাধারণত সবার কাছে জটিল একটা সাবজেক্ট। কিন্তু ওর বাচনভঙ্গির প্রকাশে এটা আমাদের মত সাধারণ মানুষ রাও পড়ে জীবন সম্পর্কে জানার জন্য আগ্রহ বোধ করি। যদিও রসায়ন ও পদার্থ সম্পর্কে আমার ধারণা খুবই সীমিত। কিন্তু জানার আগ্রহ যদি প্রবল থাকে তাইলে সবার কাছে একজন প্রকৃষ্ট উদাহরন হল শ্রদ্ধেয় [আরজ আলি মাতুব্বর](#), সবাই তা বিস্তারিত ভাবে জানতে পারবে। আমাদের সময়ে তো হাতের নাগালেই সমস্ত উপকরন প্রস্তুত, শুধু ইচ্ছে থাকতে হবে জানার। বিজ্ঞানের বদৌলতে বই, ম্যাগাজিন, ইন্টারনেট কত সহজলভ্য এখন।

তুমি আরও লিখে যাও আমাদের মত কম জানা মানুষদের জন্য, ‘তোমার আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী’ টা ও আরো বেশি তথ্যবহুল। আমরা আর বেশি বেশি লেখা তোমার কাছে প্রত্যাশা করছি।

বেনু

০১/১১/২০০৮